গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্র: ২৪.০৯.০০০০.০০০.৬৪.৪২৬.১৯-৬৪ তারিখঃ ০৩ মার্চ ২০২৫

**অফিস আদেশ**

জেডিপিসি'র ২০২৪-২৫ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা মোতাবেক আগামী ০৯ মার্চ ২০২৫ তারিখ সকাল ১০:০০ ঘটিকার সময় সেবা প্রদান প্রতিশ্রুতি আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে জুম প্লাটফর্মে ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব জিনাত আরা, অতিরিক্ত সচিব ও নির্বাহী পরিচালক, জেডিপিসি।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Zoom Id: 6620168582
Password: 123456

০৩.০৩.২০২৫
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩

বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)
০১। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, ফোকাল পয়েন্ট ও টেকনোলজি রিসার্চ এন্ড টেনিং এক্সিকিউটিভ, জেডিপিসি।
০২। জনাব নুসরাত জাহান,সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ, জেডিপিসি।
০৩। জনাব মোঃ মোজাহিদুল ইসলাম, মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ, জেডিপিসি।
০৪। জনাব মোঃ আবদুল হান্নান মিয়াজী, পার্সোনাল অফিসার, জেডিপিসি।
০৫। জনাব পলিগুহ, পার্সোনাল অফিসার, জেডিপিসি।
০৬। সেন্টার ইন-চার্জ (সকল)

অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ
০১। প্রশাসনিক কর্মকর্তা, জেডিপিসি।
০২। নির্বাহী পরিচালক মহোদয়ের পার্সোনাল অফিসার, ১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

**বিষয়:** সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে আয়োজিত ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : জনাব জিনাত আরা<br>নির্বাহী পরিচালক , জেডিপিসি |
| স্থান | : জেডিপিসি'র সম্মেলন কক্ষ (১৪৫, মনিপুরী পাড়া তেজগাঁও, ঢাকা)। |
| তারিখ | : ০৯ মার্চ ২০২৫ |

**উপস্থিতি পরিশিষ্ট-'ক'**

সভাপতি সূচনা বক্তব্যে কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জেডিপিসি'র ও জেইএসসি সেন্টারের সকল কর্মকর্তা-কর্মচারীদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নিজ নিজ অবস্থানের এর সম্ভাবনা ও অন্তরায় চিহ্নিত করে তা বাস্তবায়ন করার জন্য গুরুত্ব আরোপ করেন । তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মোঃ জাহাঙ্গীর আলমকে সংশ্লিষ্ট বিষয়ে উপস্থাপন করা জন্য অনুরোধ করেন।

২.০ অত:পর সভাপতির নির্দেশনা মোতাবেক মোঃ জাহাঙ্গীর আলম প্রণয়নকৃত কর্ম-পরিকল্পনা সভায় উপস্থাপন করেন এবং জেডিপিসি'র আওতাধীন জেইএসসি সেন্টার ইন-চার্জদের সভাপতি প্রত্যেক ত্রৈমাসিকের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ও কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য জেডিপিসি'র আওতাধীন জেইএসসিগুলোর সেন্টার ইন-চার্জ ও প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদেরকে নির্দেশনা মোতাবেক কাজ করার অনুরোধ করেন। সেবা প্রদানের ক্ষেত্রে কোন অভিযাগ পাওয়া গেলে তা নির্দিষ্ট সময়ের মধ্যে সমাধান করার নির্দেশনা প্রদান করে।

২.১ জনাব সীমা বোস অধরা, পরিচালক (এমআরপি) বলেন, জেডিপিসি হলো বহুমুখী পাটপণ্য উৎপাদন ও বিপণণের একমাত্র আমব্রেলা। তাই সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম সম্পুন্ন করলে বহুমুখী পাটপণ্যের ব্যবহার বৃদ্ধি ও বাজার সম্প্রসারিত হবে। ফলে উদ্যোক্তাগণ বহুমুখী পাটপণ্য উৎপাদনে আরো বেশি আগ্রহী হবে এবং জেডিপিসিকে দেশ ও দেশের বাহিরে একটি উচ্চতর জায়গায় নিয়ে যাওয়া সম্ভব হবে।

২.২ টেকনোলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ জনাব, মোঃ জাহাঙ্গীর আলম বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতিতে তিন ধরণের সেবা আছে। প্রতিটি জেইএসসিকে সে মোতাবেক কাজ করতে হবে। কোয়ার্টার অনুযায়ী বাস্তবায়িত কার্যক্রমগুলোর নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করতে হবে এবং জেইএসসিগুলোর জেডিপিসি'র ওয়েব সাইটের কনটেন্ট অনুযায়ী বাস্তবায়িত প্রতিটি কার্যক্রমের প্রমাণকগুলো ২০ মার্চ ২০২৫ তারিখের মধ্যে প্রধান কার্যলয়ে প্রেরণ করতে হবে এবং ৩০মার্চের ২০২৫ তারিখের মধ্যে ওয়েব সাইটের সকল আপলোড সম্পন্ন করতে হবে। তিনি আরো বলেন, জেডিপিসি'র অর্থনৈতিক স্বক্ষমতা বাড়ানোর জন্য ৬টি জেইএসসি'র ইনচার্জকে একটি কর্মপরিকল্পনা তৈরী করে সে অনুযায়ী কাজ বাস্তবায়নের জন্য অনুরোধ করে।

২.৩ মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোঃ মোজাহিদুল ইসলাম বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা আমাদের নৈতিক দায়িত্ব। সেবা পাওয়ার ক্ষেত্রে সেবা গ্রহীতা অসন্তষ্ট হলে কারণ অনুসন্ধান করে সে মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। উদ্যোক্তাদের মোবাইলে, ফোনে, ইমেইলে ও জেডিপিসি'র ওয়েব সাইটের মাধ্যমে বিভিন্ন কার্যক্রমের তথ্য প্রেরণ করা জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ জানান। কোন অভিযোগ থাকলে তা নির্ধারিত সময়ের মধ্যে নিশ্পন্ন করা সকলের দায়িত্ব বলে তিনি মতামত প্রদান করেন।

২.৪ জেইএসসি যশোর সেন্টার ইন-চার্জ জনাব মাজেদুর রহমান ভূঞা বলেন, সিটিজেন চার্টার এর কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে তবে, উদ্যোক্তাদের চাহিদা মোতাবেক ফেব্রিক্স না পাওয়ায় কার্যক্রম ধীরগতিতে চলছে। দ্রুত সময়ের মধ্যে তিনি প্রয়োজনীয় কাঁচামাল যশোর সেন্টারে প্রেরণ করার জন্য অনুরোধ জানান।

২.৫ জেইএসসি রংপুর সেন্টার ইন-চার্জ জনাব দিদারুল হক বলেন, প্রতিটি কোয়াটারের কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে এবং এ সংক্রান্ত কার্যক্রমের প্রমাণক মেইলে প্রেরণ করা হবে।

২.৬ জেইএসসি ঢাকা এর সেন্টার ইন-চার্জ জনাব ইসতিয়াক আহমেদ বলেন, সিটিজেন চার্টারের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। তবে কাঁচামাল ব্যাংকে যথেষ্ট পরিমানে ফেবিক্স না থাকায় উদ্যোক্তাদের সরবরাহ করা যাচ্ছে না। তিনি দ্রুততম সময়ের মধ্যে প্রয়োজনীয় ফেব্রিক্স ক্রয় করে তা প্রিতিটি সেন্টারের প্রেরণের অনুরোধ জানান।

২.৭ জেইএসসি চট্রগ্রামের বিপণনসহকারী জনাব স্বপন কুমার মোহন্ত বলেন, সিটিজেন চার্টারের কর্মপরিকল্পনা ২০২৪-২৫ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে এবং বাস্তবায়ন অগ্রগতি প্রধান কার্যলয়ে প্রেরণ করা হবে।

২.৮ সভাপতি বলেন, জেডিপিসি'র আওতাধীন জেইএসসিগুলোকে তাদের কাজে আরো সচেষ্ট হতে হবে। সেন্টার ইন-চার্জগণকে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানসহ অন্যান্য সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে গিয়ে বহুমুখী পাটণ্যের মার্কেটিং করা জন্য পরামর্শ প্রদান করেন এবং যখন সেখানে যাবেন সেখানে, প্রতিষ্ঠান প্রধান অথবা দাযিত্ব প্রাপ্ত কর্মকর্তার সাথে নির্বাহী পরিচালক মহোদয়ের সাথে Whats app এ কথা বলানোর ব্যবস্থা করা এবং কাজের পরিধি বৃদ্ধিসহ আয় বাড়ানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন। এছাড়াও মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোঃ মোজাহিদুল ইসলামকে আগামী এক সপ্তাহের মধ্যে প্রতিটি সেন্টারে ফেব্রিক্সসহ প্রয়োজনীয় কাচাঁমাল প্রেরণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। তিনি প্রত্যেক সেন্টার ইন-চার্জকে ৩য় কোয়ার্টারের বাস্তবায়িত কার্যক্রমের প্রমাণকসহ তথ্যাবলী আগামী ২০ মার্চ ২০২৫ এর মধ্যে জেডিপিসি'র প্রধান কার্যালয়ে প্রেরণ করতে নির্দেশনা প্রদান করেন।

**৩.০ আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

(ক) প্রত্যেক জেইএসসিকে সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির প্রমাণকসহ ২০ মার্চ ২০২৫ তারিখের মধ্যে জেডিপিসি'র প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

(খ) সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সাথে সভা করার সময় ঐ প্রতিষ্ঠানের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে জেডিপিসি'র নির্বাহী পরিচালক মহোদয়ের সাথে Whats app এ কথা বলানোর ব্যবস্থা করতে হবে।

(গ) চাহিদা মোতাবেক প্রতিটি সেন্টারে ফেব্রিক্সসহ প্রয়োজনীয় কাচাঁমাল প্রেরণ করতে হবে।

৪.০ অতঃপর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/০৩/২০২৫

(জিনাত আরা)

অতিরিক্ত সচিব

ও

নির্বাহী পরিচালক


জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
www.jdpc.gov.bd

**বিষয়ঃ** জেডিপিসি ও আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ০৯ মার্চ ২০২৫ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ৩য় ত্রৈমাসিক সভায় উপস্থিতির তালিকা।

| ক্রমিক নং | নাম , পদবী ও ঠিকানা | ইমেইল /মোবাইল নং | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১ | জিনাত আরা<br>নির্বাহী পরিচালক, জেডিপিসি | ed@jdpc.gov.bd | ০৯/০৩/২৫ |
| ০২ | সীমা বোস অধরা<br>পরিচালক (এমআরপি)<br>জেডিপিসি | mrp@jdpc.gov.bd | ০৯.০৩.২০২৫ |
| ০৩ | মোঃ জাহাঙ্গীর আলম<br>প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী<br>জেডিপিসি | 01711-440576 | J Alam<br>০৯/০৩/২৫ |
| ০৪ | মোঃ মোজাহিদুল ইসলাম<br>মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ,<br>জেডিপিসি। | 01757111567 | ০৯/০৩/২৫ |
| ০৫ | নুসরাত জাহান<br>সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ<br>জেডিপিসি | | |
| ০৬ | মোঃ আব্দুল হান্নান মিয়াজী<br>পার্সোনাল অফিসার, জেডিপিসি | ০১৯৭৫৭৫৬৮০৮ | ০৯/০৩/২৫ |
| ০৭ | পলি গুহ<br>পার্সোনাল অফিসার, জেডিপিসি | 01825199488 | ০৯/০৩/২০২৫ |

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা মোতাবেক আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে জুম প্লাটফর্মে ৩য় ত্রৈমাসিক সভার ছবি






তারিখ: ০৯ মার্চ ২০২৫